

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৮৪.১৯.০০৪.১১.২৭

তারিখ: ২৬ কার্তিক ১৪২৮

১১ নভেম্বর ২০২১

বিষয়: রাজশাহী ওয়াসায় দৈনিক মজুরী ভিত্তিক শ্রমিক নিয়োগের বিষয়ে সম্মতি/মতামত প্রদান প্রসংগে।

সূত্র: অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-০৭.০০.০০০০.১২৯.৩১.০১২.১২.১৪২, তারিখ-০১/১১/২০২১ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে রাজশাহী ওয়াসায় দৈনিক মজুরিভিত্তিক ০৪ (চার) ক্যাটাগরির ৪০ (চল্লিশ) জন শ্রমিক নিয়োগের জন্য অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক প্রাপ্ত মতামত নিম্নরূপ:

“ (ক) অর্থ বিভাগের ০১/০১/২০১৯ খ্রিঃ তারিখের ০১ নং স্মারকের মাধ্যমে জারিকৃত আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা ২০১৮ এর ৩(১) অনুযায়ী কম্পিউটার অপারেটর এবং অফিস সহায়ক পদের বিপরীতে সেবা ক্রয়ের সুযোগ না থাকায় এবং বিদ্যমান জনবল দ্বারা সেবা প্রদান সম্ভব না হলে প্রয়োজনীয়তার নিরিখে প্রশাসনিক বিভাগ কর্তৃক কম্পিউটার অপারেটর এবং অফিস সহায়ক পদ নিয়মিত হিসেবে সৃজনের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। এবং

(খ) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ এর আলোকে অর্থ বিভাগের ১০/০৬/২০১৯ খ্রিঃ তারিখের ২৫৯ নং পরিপত্রে সহকারী পাম্প চালককে ‘পাম্প হেলপার’ হিসেবে ক্যাটাগরি-৫ এবং সহকারী পাইপ লাইন মিস্ট্রিকে অনুরূপ কাজ হিসেবে ক্যাটাগরি-৫ হিসেবে অন্তর্ভুক্ত করায় সহকারী পাম্প চালক এবং সহকারী পাইপ লাইন মিস্ট্রির সেবা আউটসোর্সিং প্রক্রিয়ায় ক্রয়ের বিষয়ে প্রশাসনিক বিভাগ কর্তৃক অর্থ বিভাগের সম্মতির জন্য নির্ধারিত ছক মোতাবেক তথ্যাদিসহ প্রস্তাব প্রেরণ করা যেতে পারে।”

০২। এমতাবস্থায়, রাজশাহী ওয়াসায় দৈনিক মজুরিভিত্তিক ০৪ (চার) ক্যাটাগরির ৪০ (চল্লিশ) জন শ্রমিক নিয়োগের জন্য অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক প্রাপ্ত মতামত অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১১-১১-২০২১

মোহাম্মদ ফজলে আজিম

ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা, রাজশাহী

উপসচিব

ইমেইল:

lgdwatersupply3@gmail.com,

lgws3@lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৮৪.১৯.০০৪.১১.২৭/১(২)

তারিখ: ২৬ কার্তিক ১৪২৮

১১ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ২) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ



১১-১১-২০২১

মোহাম্মদ ফজলে আজিম

উপসচিব